

34

কৃষি বিশ্ববিদ্যালয়ে
ছাত্র ধর্মঘট
পালিত

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥
ছাত্র-ছাত্রীদের ৯ দফা দাবী আদা-
য়ের লক্ষ্যে ৯টি হল সংসদের
নেতৃবৃন্দের আহ্বানে গতকাল
রবিবার কৃষি বিশ্ববিদ্যালয়ে পূর্ণ-
দিবস ছাত্র-ধর্মঘট পালিত হয় এবং
ভিসির বাসভবন ভাংচুরের প্রতি-
বাদে শিক্ষকবৃন্দ কর্মবিরতি পালন
ও মৌন মিছিল বাহির করেন।
ফাইনাল পরীক্ষা ধর্মঘট ও কর্ম
বিরতির আওতামুক্ত ছিল ফজ-
লুল হক হলের ভিপি নজরুল
ইসলামের সভাপতিত্বে আম-
তলার সমাবেশে কর্তৃপক্ষ ৩
দিনের মধ্যে সমস্যা সমাধানের
স্বপ্নষ্ট বক্তব্য না দিলে ক্যাম্পাস
অচল করিয়া দেওয়ার হুমকি
দেওয়া হয়। মহসিন, প্রীতম,
মাসুম, মাহবুব, রুণু, আসলাম
প্রমুখ সমাবেশে বক্তব্য রাখেন।
অপরদিকে ভিসির বাসভবন
ভাংচুরের প্রতিবাদে বিশ্ববিদ্যালয়
শিক্ষক সমিতি এক বিবৃতিতে
ঘটনার সাথে জড়িতদের ৩ সপ্তা-
হের মধ্যে বিচার দাবী করিয়া-
ছেন।